অভিযোগ ফর্ম (সরকারী পরিষেবা)

Ombwdsmon
Ombudsman
Cymru · Wales

সম্ভব হলে অনুগ্রহ করে কালো কালি ব্যবহার করুন এবং আপনার নাম বড় হাতের অক্ষরে লিখুন।

A আপনার বিবরণ

পদবী এবং নাম

ঠিকানা এবং পোস্টকোড

ইমেল*

দিনের বেলায় যোগাযোগ করার নম্বর

মোবাইল নম্বর

আপনার পছন্দানুযায়ী আমরা আপনার সাথে কীভাবে যোগাযোগ করবো?

- [ ] ইমেল
- [ ] ডাক ঠিকানা
- [ ] ফোন

আমাদের সাথে যোগাযোগ করার জন্য অনুগ্রহ করে আপনার পছন্দের ভাষা নির্বাচন করুন।

- [ ] ইংরেজি
- [ ] Welsh

অন্যান্য - আমাদের জানান

* ইমেল যোগাযোগের একটি দ্রুত এবং কার্যকর মাধ্যম প্রদান করে, তবে আপনার সচেতন থাকা উচিত যে বার্তা আটকে যাওয়ার সামান্য ঝুঁকি সবসময়ই থাকে। সতর্কতা হিসেবে, আমরা এনক্রিপ্ট করা Microsoft 365 ইমেলের মাধ্যমে আপনার কাছে সংবেদনশীল বা গোপনীয় তথ্য পাঠাবো। অতিরিক্ত বিবরণ আমাদের ওয়েবসাইটে পাওয়া যাবে।

যে ব্যক্তি এই সমস্যার সম্মুখীন হয়েছেন, তাদের স্বাভাবিকভাবে এই ফর্মটি পূরণ করা উচিত। আপনি যদি অন্য কারো পক্ষে এই ফর্মটি পূরণ করেন, তাহলে অনুগ্রহ করে বিভাগ B পূরণ করুন।

B অন্য কারো তরফ থেকে অভিযোগ করা: তাদের বিবরণ

তাদের পুরো নাম

ঠিকানা এবং পোস্টকোড

তাদের সাথে আপনার সম্পর্ক কী?

আপনি তাদের হয়ে অভিযোগ করছেন কেন?

অনুমোদন: যদি আপনি অন্য কারো তরফ থেকে অভিযোগ করেন, যদি তারা সক্ষম হন, তাহলে তাদের এখানে স্বাক্ষর করা উচিত। যদি তারা তা করতে না পারে, তাহলে অনুগ্রহ করে কারণটি ব্যাখ্যা করুন।

আপনার তাদেরকে অভিযোগকারী এবং প্রতিনিধিদের জন্য গোপনীয়তা নোটিশের একটি কপিও প্রদান করা উচিত, যাতে তারা বুঝতে পারে যে তাদের ব্যক্তিগত তথ্য কীভাবে প্রক্রিয়া করা হবে। আমরা ধরে নেবো যে আপনি তাদের নোটিশটি দিয়েছেন।

আমি উপরে তালিকাভুক্ত ব্যক্তিকে (বিভাগ A) সরকারী পরিষেবা ওম্বুডসম্যান-এর কাছে অভিযোগ জমা দেওয়ার জন্য আমার তরফ থেকে কাজ করার অনু দন দিচ্ছি। আমি বুঝতে পারছি যে এর অর্থ হতে পারে যে আমার প্রতিনিধি এই উদ্দেশ্যে প্রাপ্ত আমার ব্যক্তিগত বা সংবেদনশীল ব্যক্তিগত তথ্য অ্যাক্সেস করতে পারবেন।

তাদের স্বাক্ষর

তারিখ

C আপনার অভিযোগ সম্বন্ধে

আপনি যে সরকারী সংস্থার বিরুদ্ধে অভিযোগ করছেন তার নাম।

আমরা আশা করছি আপনি সরাসরি প্রতিষ্ঠানের কাছে অভিযোগ করেছেন। আপনি কী এটা করেছেন?

আপনি কীভাবে এবং কখন এটি করেছিলেন অনুগ্রহ করে তা সংক্ষেপে ব্যাখ্যা করুন।

আপনি কী সংস্থার কাছ থেকে কোন প্রতিক্রিয়া পেয়েছেন?

আপনি প্রথম কত তারিখে এই সমস্যাটি সম্পর্কে জেনেছিলেন? যদি 12 মাসেরও বেশি সময় হয়ে যায় তাহলে অনুগ্রহ করে ব্যাখ্যা করুন কেন আপনি এখনও পর্যন্ত আমাদের কাছে অভিযোগ করেননি।

আপনার কী মনে হয় সংস্থাটি কোনও ভুল করেছিল, বা করতে ব্যর্থ হয়েছিল?

আপনার ব্যক্তিগতভাবে কতটা ভোগান্তি হয়েছেন বা প্রভাবিত হয়েছেন তা ব্যাখ্যা করুন।

সবকিছু ঠিকঠাক করার জন্য কী করা উচিত বলে আপনি মনে করেন? অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.ombudsman.wales -এ উপলব্ধ আমাদের REMEDIES তথ্যপত্রটি দেখুন।

আপনি কী আইনী পদক্ষেপ নেওয়ার কথা ভেবেছেন? যদি না হয়, তাহলে কেন নয়?

আপনার অভিযোগের প্রতিক্রিয়ায় আপনি কেন অসন্তুষ্ট? অনুগ্রহ করে প্রতিক্রিয়ার সেই অংশগুলো তালিকাভুক্ত করুন যেগুলির সাথে আপনি একমত নন বা মতানৈক্য রয়েছে।

আপনার অভিযোগের সমর্থনে যদি কোনো নথি থাকে, তাহলে অনুগ্রহ করে এই ফর্মের সাথে পাঠান।

☐ আপনি যদি চান যে আমরা এগুলি আপনাকে ফেরত দেই, তাহলে অনুগ্রহ করে এই বাক্সে টিক দিন।

D আপনার প্রয়োজনীয়তা পূরণ

আপনার সাথে যোগাযোগের পদ্ধতিতে যদি আমরা কোনও পরিবর্তন করতে চান, তাহলে অনুগ্রহ করে আমাদের জানান। যদি কোনও কারণে আমা দের পরিষেবা ব্যবহার করতে আপনার অসুবিধা হয়, উদাহরণস্বরূপ, যদি আপনি **প্রতিবন্ধী** হন, তাহলে অনুগ্রহ করে নীচের বিভাগে আমাদের জানান। আপনার অনুরোধটি পরিস্থিতি অনুযায়ী যুক্তিসঙ্গত এবং উপযুক্ত কিনা তা আমরা বিবেচনা করবো। এর কারণ হল আমাদের সরকারী টাকা সাবধানতার সাথে ব্যবহার করতে হবে। যদি আপনার কোন সাহায্যের প্রয়োজন না হয়, তাহলে অনুগ্রহ করে এই বিভাগটি খালি রাখুন।

E ঘোষণা

আমি আশা করছি Wales -এর সরকারী পরিষেবা ওম্বুডসম্যান আমার অভিযোগটি বিবেচনা করুক। আমি বুঝতে পারছি যে আমার অভিযোগ ফর্ম এবং এর সাথে থাকা সমস্ত উপাদান আমি যে সংস্থার বিরুদ্ধে অভিযোগ করেছি তার কাছে সম্পূর্ণরূপে প্রকাশ করা হতে পারে, যদি না আমি অন্যথায় নির্দিষ্ট করে থাকি, এবং সরকারী পরিষেবা ওম্বুডসম্যান (Wales) আইনের শর্তাবলী অনুসারে আরও ব্যবহার করা হতে পারে।

স্বাক্ষর

তারিখ

আপনার অভিযোগ বিবেচনা করার সময়, Wales -এর সরকারী পরিষেবা ওম্বুডসম্যান আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়া করবেন, যার মধ্যে স্বাস্থ্য বা সামাজিক যত্নের রেকর্ড অন্তর্ভুক্ত থাকতে পারে যদি আপনার অভিযোগ এই জায়গাগুলির একটির সাথে সম্পর্কিত হয়।

আমরা আপনার ব্যক্তিগত তথ্য কীভাবে প্রক্রিয়া করি সে সম্পর্কে আরও তথ্য অভিযোগকারী এবং প্রতিনিধিদের গোপনীয়তা নোটিশে উপলব্ধ থাকবে। এই নোটিশের একটি কপি আমাদের ওয়েবসাইট www.ombudsman.wales/privacy-notice/. উপলব্ধ রয়েছে।

অনুগ্রহ করে এই পূরণ করা ফর্মটি পাঠান:

Public Services Ombudsman for Wales
1 Ffordd yr Hen Gae
Pencoed
CF35 5LJ

ফোন: 0300 790 0203 (স্থানীয় কল রেট)
ইমেল: ask@ombudsman.wales